



3RD EDITION OF RURAL CONNECT 2021
CONNECTING RURAL DOTS 18TH - 19TH FEBRUARY 2021

MEDIA DOSSIER

PRINT MEDIA: ANANDABAZAR PATRIKA

3rd Edition of Rural Connect 2021
Connecting Rural Dots 18th- 19th February 2021

Publication: Anandabazar Patrika	Date: 20.02.2021
Edition: Kolkata	Page: 9

আনন্দবাজার পত্রিকা কলকাতা শনিবার ২০ ফেব্রুয়ারি ২০২১

কৃষিকে পুরো বাজারের হাতে না-ছাড়ার সওয়াল

নিজস্ব সংবাদদাতা

দেশের কৃষিতে সংস্কার এবং এপিএমসি আইনে কিছু ক্ষেত্রে সংশোধন জরুরি হলেও, কেন্দ্রের আনা কৃষি বিল সেই পথ গড়ে দেবে না। উল্টে উন্নয়নের পরিবর্তে মদত জোগাবে কিছু গোষ্ঠীর একচেটিয়া কারবারে। শুক্রবার বেঙ্গল চেম্বারে কৃষি নিয়ে আয়োজিত এক সভায় এই দাবি করলেন ভারত কৃষক সমাজের চেয়ারম্যান অজয় বীর জাখর। তাঁর যুক্তি, সংস্কার জরুরি হলেও অন্যান্য ক্ষেত্রের মতো কৃষিকে পুরো বাজারের হাতে ছাড়া যায় না।

কংগ্রেসের প্রাক্তন মন্ত্রী বলরাম জাখরের পৌত্র ও সজ্জন কুমার জাখরের পুত্র অজয় রাজনীতির বাইরে কৃষি ক্ষেত্রের সঙ্গে যুক্ত। চাষিদের বাজারের সঙ্গে যোগসূত্র তৈরি, সরকারি বিপণন কাঠামোর উন্নয়ন

বা চাহিদা ভিত্তিক কৃষি ব্যবস্থা গড়ার জন্য সংস্কারের পক্ষে দাঁড়ালেও, এই ক্ষেত্রের ভাল-মন্দ শুধু বাজারের হাতে ছাড়ায় তীব্র আপত্তি তাঁর। অজয়ের মতে, বাইকের মতো বাণিজ্যিক পণ্যের মজুত ভান্ডারের তথ্য কেন্দ্রের না-নিলে চলে। কিন্তু কৃষিতে হস্তক্ষেপ জরুরি। না-হলে পশ্চিমী দুনিয়ার একাংশে কিছু সংস্থা যেমন কৃষিতে আধিপত্য কয়েম করেছে, চার-পাঁচ বছরে ভারতেও তা হবে। ক্ষুণ্ণ হবে ছোট চাষিদের স্বার্থ, ফুলেফেঁপে উঠবে বড় কর্পোরেট সংস্থা।

তবে শিল্পকর্তা সঞ্জীব রনথ্যাস সভায় দেশে বিপুল উদ্বৃত্ত খাদ্যশস্যের কথা বলেন। কৃষিকে বদলে যাওয়া সময়ের চাহিদা মেনে এগোনোর বার্তা দেন আইআইএমের (আমদাবাদ) অধ্যাপক ডি পি গাঁধী। অজয়ের মতে, বদল জরুরি। কিন্তু আগে পরিচালনায় দক্ষ হতে কেন্দ্রের ভূমিকা গুরুত্বপূর্ণ।